# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** রিপন বাজারে চাল কিনতে গিয়ে দেখলেন চালের দাম অনেক বেশি। পাশে দাঁড়িয়ে থাকা একজন ক্রেতা বলল, রাস্তার ওপারে এ চাল সরকারি বিক্রয়কেন্দ্রে ন্যায্যমূল্যে বিক্রি হচ্ছে।

ক. অর্থনীতিবিদ এল রবিন্সের অর্থনীতির সংজ্ঞা লেখ। ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বুঝায়? ২

গ. আমাদের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত অর্থব্যবস্থা সাধারণ মানুষের জীবনযাত্রার মানের সহায়ক— ব্যাখ্যা কর। ৪

**২.▶** শিক্ষক শ্রেণিকক্ষে অর্থনীতির সংজ্ঞার ক্রমবিবর্তন সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন, অর্থনীতিতে প্রথমে সম্পদ পরে মানবকল্যাণের উপর গুরুত্ব আরোপ করা হয়। তবে স্বল্পতার সমস্যা নিয়ে যিনি আলোচনা করেন তার সংজ্ঞাটি অধিকতর গ্রহণযোগ্য।

ক. কাকে প্রথম অর্থনীতিবিদ হিসাবে আখ্যায়িত করা হয়? ১

খ. অর্থনীতিতে প্রণোদনার গুরুত্ব নির্ণয় কর। ২

গ. অর্থনীতি বলতে কী বুঝায়? উদ্দীপকে উল্লিখিত প্রথম দুজন অর্থনীতিবিদের সংজ্ঞা অনুসারে ব্যাখ্যা কর। ৩

ঘ. কোন্ অর্থনীতিবিদের সংজ্ঞাটি অধিকতর গ্রহণযোগ্য ও কেন? বুঝিয়ে লেখ। ৪

**৩.▶** সেলিম একজন বর্গাচাষী। তার পরিবারের লোকসংখ্যাও অধিক। এত বড় পরিবার চালাতে তাকে হিমশিম খেতে হয়। যার দরুণ তার পরিবার বিভিন্ন

Teachingbd24.com
https://teachingbd24.com

সমস্যায় জর্জরিত। তারপরও সে প্রত্যেকের সমস্যা সমাধানে বিভিন্ন উপায়ে সমন্বয় সাধন করেছেন।

ক. অর্থনৈতিক কার্যাবলি কী? ১

খ. আমাদের দেশকে উন্নয়নশীল দেশ বলা হয় কেন? ২

গ. সেলিমকে সীমিত সম্পদের জন্য কী কী সমস্যার সম্মুখীন হতে হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেলিম কী সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে তার সমস্যা দূর করতে পারেন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৪.▶** নিচে একটি পণ্যের চাহিদা সূচি দেওয়া হলো :

| দাম (প্রতি একক) | যোগানের পরিমাণ |
|---|---|
| ৪ | ১৬ |
| ৬ | ১২ |
| ৮ | ০৮ |
| ১০ | ০৪ |

ক. চাহিদা কী? ১

খ. চাহিদা বিধি কী? ব্যাখ্যা কর। ২

গ. উপরের সূচি থেকে একটি চাহিদা রেখা অঙ্কন করে ব্যাখ্যা কর। ৩

ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দাম বাড়ার পাশাপাশি আয়ের বৃদ্ধি ঘটলে উক্ত চাহিদা রেখার কী পরিবর্তন হবে? যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

**৫.▶** সুমন একজন ব্যবসায়ী। দেশের বিভিন্ন স্থানে তার কয়েকটি ফার্নিচারের দোকান আছে। তিনি ৩০ জন কর্মচারীর সাহায্যে কাঠ থেকে বিভিন্ন ধরনের আসবাবপত্র তৈরি করে দোকানে সরবরাহ করেন। প্রতিটি দোকানের জন্য তিনি আলাদা লোক নিয়োগ করেন। পণ্যের বাজার বিস্তৃত করার জন্য তিনি প্রদর্শনীতে অংশ নিয়ে থাকেন। বাজারে তার আসবাবপত্রের চাহিদা দিন দিন বেড়েই চলেছে।

ক. শ্রম কাকে বলে? ১

খ. ক্রমহ্রাসমান উৎপাদন বিধি বলতে কী বুঝায়? ২

Teachingbd24.com

গ. সুমনের উপযোগ সৃষ্টির প্রক্রিয়াটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সুমনকে কী একজন সফল সংগঠক বলা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ সুমি কোল্ডক্রিম কেনার জন্য দোকানে গেলে দোকানদার তাকে চার ধরনের ক্রিম দেখায়। সুমি লক্ষ করে যে চারটিতে সমপরিমাণ ক্রিম রয়েছে। কিন্তু দামের ক্ষেত্রে সামান্য পার্থক্য রয়েছে।

ক. অর্থবাজার কী? ১
খ. দীর্ঘকালীন বাজার কী? ব্যাখ্যা কর। ২
গ. সুমির ক্রয়কৃত পণ্যটি কোন্ বাজারের পণ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. একচেটিয়া বাজারের সাথে সুমির ক্রয়কৃত পণ্যের বাজারের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৭.▶ রমিজ মিয়া একজন কৃষক। নিজের ৯০ শতাংশ জমির সাথে অন্যের জমি বর্গা নিয়ে আমনের ধান চাষ করেন। চলতি বন্যায় ফসল নষ্ট হওয়ায় তিনি অসহায় হয়ে পড়েন। লোকমুখে শুনতে পান শুধু কৃষিকাজের গতিশীলতা বৃদ্ধির জন্য সরকার একটি ব্যাংক প্রতিষ্ঠা করেছে। তিনি এ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে পুনরায় ধান চাষ করে ভাগ্যের পরিবর্তন ঘটান।

ক. ব্যাংক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘর বলতে কী বুঝ? ২
গ. রমিজ মিয়া যে ব্যাংক থেকে ঋণ নিয়েছিল তার স্বরূপ বিশ্লেষণ কর। ৩
ঘ. এ ধরনের ব্যাংক কী দেশের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন ঘটায়? মূল্যায়ন কর। ৪

৮.▶ চট্টগ্রামের হাশেম বাঁশ ও বেত দিয়ে ঝুড়ি, মোড়া, মাদুরসহ হস্তশিল্পজাত দ্রব্য তৈরি করে। এ কাজে তাকে তার দুই ভাই ও তিন বোন সহযোগিতা করে। তার তৈরি দ্রব্যের চাহিদা দেশে-বিদেশে ব্যাপক বৃদ্ধি পায়।

ক. বাংলাদেশে কত প্রকারের শিল্প রয়েছে? ১
খ. বাংলাদেশের বেশিরভাগ শিল্প কৃষির উপর নির্ভরশীল কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত হাশেমের শিল্পটি কী ধরনের শিল্প? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. 'আত্মকর্মসংস্থানের পাশাপাশি হাশেম সাহেবরা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন— তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৯.▶** রিপন ইরানে কর্মরত শ্রমিক। কিন্তু উপযুক্ত প্রশিক্ষণের অভাবে অন্যদেশের শ্রমিকের চেয়ে তার মজুরি কম। আবার হেনা হস্তশিল্প বিষয়ে প্রশিক্ষণ নিয়ে দক্ষ হওয়ার কারণে তার তৈরি হস্তশিল্পজাত দ্রব্যগুলো এখন বিদেশেও রপ্তানি করা হচ্ছে।

ক. মৌসুমি বেকারত্ব কী? ১

খ. দরিদ্র বিমোচনে আইসিটির ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. হেনা বেগমের মত নারীদের দক্ষ মানবসম্পদ হতে হলে কী ধরনের পদ্ধতি নেওয়া যায়— বিশ্লেষণ কর। ৩

ঘ. রিপন ও হেনা দুজনই কী তোমার দেশের প্রেক্ষাপটে সম্পদ? কীভাবে? বিশ্লেষণ কর। ৪

**১০.▶** বাংলাদেশ সরকারের ২০১৬-২০১৭ অর্থবছরের প্রস্তাবিত বাটে : বাজেটের মোট আয়/ব্যয় ৩,৪০,৬০৫ কোটি টাকা। মোট রাজস্ব আয় ২,৪৪,২৬৮ কোটি টাকা।

ক. বাজেট কী? ১

খ. বাংলাদেশে চূড়ান্তভাবে বাজেট গৃহীত হওয়ার প্রক্রিয়া উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাজেটের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. এ ধরনের বাজেট সরকারকে কেন গ্রহণ করতে হয়? ঘাটতি পূরণে সরকারের আয়ের উৎসগুলো চিহ্নিত কর। ৪

**১১.▶** পলাশ পদ্মাপাড়ের জেলে। এখন পদ্মায় প্রচুর ইলিশ পাওয়া যায়। ঝাঁকে ঝাঁকে ধরা পড়ছে ইলিশ। তবুও পলাশের চোখে মুখে হতাশার ছাপ। সে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্যে ভালো দাম পায় না। করিমের পরামর্শে পলাশ ইলিশ ঢাকায় নিয়ে যায় এবং ভালো দামে বিক্রয় করে।

ক. উৎপাদন কাকে বলে? ১

খ. আর্থিক ও প্রকৃত উৎপাদন ব্যয়ের ধারণা দাও। ২

গ. পলাশের কাজটি কোন ধরনের উৎপাদন সৃষ্টি করেছে? বিশ্লেষণ কর। ৩

ঘ. তুমি কী মনে কর পলাশের সিদ্ধান্ত সঠিক ছিল? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

সময় —৩০ মিনিট পূর্ণমান —৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ৪ ১

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. অর্থনীতির জনক কে?**

ক) ডেভিড রিকার্ডো
খ) এরিস্টটল
গ) এল রবিন্স
ঘ) এডাম স্মিথ

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও:**

'ক' দেশটিতে রাষ্ট্রীয় মালিকানায় অধিকাংশ শিল্প কারখানা পরিচালিত হয়। পাশাপাশি বেসরকারি উদ্যোগেও অনেক শিল্প প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে।

**২. 'ক' দেশটিতে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা পরিচালিত?**

ক) সমাজতান্ত্রিক
খ) ধনতান্ত্রিক
গ) মিশ্র
ঘ) ইসলামি

**৩. 'ক' দেশটিতে সরকার নিয়ন্ত্রণ করে—**

i. মহাসড়ক
ii. ব্যবসায় প্রতিষ্ঠান
iii. জনগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৪. নিচের কোনটি সমষ্টিগত সম্পদ?**

ক) ঘরবাড়ি
খ) ডাকঘর
গ) পদ্মা নদী
ঘ) বঙ্গোপসাগর

**৫. ব্যবসায়ের সুনাম কী?**

ক) সম্পদ খ) উপযোগ
গ) পুঁজি ঘ) উৎপাদন

**৬. অবাধলভ্য দ্রব্য হলো—**

i. নদীর পানি
ii. মরুভূমির বালি
iii. ওয়াসার পানি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. অর্থনীতিতে চাহিদার শর্ত কয়টি?**

ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

**৮. মোট উপযোগ সর্বাধিক হলে প্রান্তিক উপযোগের কী হয়?**

ক) শূন্য হয়
খ) ঋণাত্মক হয়
গ) ধনাত্মক হয়
ঘ) অপরিবর্তিত থাকে

**৯. দাম বাড়লে চাহিদা কীরূপ হয়?**

ক) বাড়ে
খ) সমান থাকে
গ) বেশি বাড়ে
ঘ) কমে

**১০. উৎপাদনের উপকরণ কয়টি?**

ক) দুইটি খ) চারটি
গ) ছয়টি ঘ) আটটি

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**

বাদল শালবন থেকে কিছু কাঠ সংগ্রহ করল। হাতুড়ি, বাটালি, করাত এবং প্রভৃতি সরঞ্জামের সাহায্যে সে চেয়ার টেবিল তৈরি করবে। এজন্য সে তিনজন লোক নিযুক্ত করল মজুরির বিনিময়ে।

**১১. অনুচ্ছেদের শালবন উৎপাদনের কোন উপকরণ?**

ক) প্রাকৃতিক খ) কৃত্রিম
গ) ভূমি ঘ) মূলধন

**১২. অনুচ্ছেদের মূলধন কোনটি?**

ক) শালবন খ) কাঠ
গ) হাতুড়ি, বাটালি ঘ) শ্রমিক

Teachingbd24.com

১৩. বাজারের সংজ্ঞা দেন কে?
ⓚ মার্শাল
ⓚ এ্যাডাম স্মিথ
ⓖ কুর্নট
ⓖ ক্যানন

১৩. বাজারের সংজ্ঞা দেন কে?

(ক) মার্শাল
(খ) এ্যাডাম স্মিথ
(গ) কুর্নট
(ঘ) ক্যানন

১৪. কোনটির অধীনে অসংখ্য ফার্ম থাকতে পারে?

(ক) উপকরণ বাজার
(খ) শ্রম বাজার
(গ) শিল্প
(ঘ) পূর্ণ প্রতিযোগিতার বাজার

১৫. বাংলাদেশের পাটের বাজার হলো–

i. স্থানীয়
ii. জাতীয়
iii. আন্তর্জাতিক

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) iii (ঘ) i, ii ও iii

১৬. জনপ্রতি বার্ষিক আয়কে কী বলে?

(ক) জাতীয় আয় (খ) নিট আয়
(গ) গড় আয় (ঘ) মাথাপিছু আয়

১৭. ভূমির প্রাপ্ত আয় কোনটি?

(ক) মজুরি (খ) খাজনা
(গ) মুনাফা (ঘ) সংগঠন

১৮. জাতীয় আয়ে লাভ ক্ষতির প্রভাব কীরূপ?

(ক) শূন্য (খ) অনেক কম
(গ) কম (ঘ) বেশি

১৯. অর্থ কী?

(ক) তরল সম্পদ
(খ) টাকা পয়সা
(গ) বিনিময়ের মাধ্যম
(ঘ) প্রাচুর্য

২০. কোনটি অসীম বিহিত মুদ্রা?

(ক) ১ টাকার নোট (খ) ২ টাকার নোট
(গ) ৫০ টাকার নোট (ঘ) ৫ টাকার নোট

২১. চেক, ব্যাংক ড্রাফট, প্রাইজ বন্ড কী ধরনের মুদ্রা?

(ক) ব্যাংক হিসাব মুদ্রা (খ) বিহিত মুদ্রা
(গ) কাগজি মুদ্রা (ঘ) হিসাবি মুদ্রা

২২. বাংলাদেশে কতটি সরকারি বীমা কোম্পানি রয়েছে?

(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব জামাল রাজশাহীর একটি চিনির শিল্পের কারখানায় কাজ করেন। কারখানাটি প্রয়োজনীয় কাঁচামালের অভাবে বছরে অনেক সময় বন্ধ থাকে। ফলে জামালকে ভুগতে হয় সাময়িক বেকারত্বে।

২৩. আলোচিত শিল্পটির কাঁচামাল কোন ধরনের সম্পদ?

(ক) কৃষিজ সম্পদ (খ) প্রাণিজ সম্পদ
(গ) প্রাকৃতিক সম্পদ (ঘ) মনুষ্য সৃষ্ট সম্পদ

২৪. চিনিকল কোন শিল্পের অন্তর্গত?

(ক) ক্ষুদ্র (খ) কুটির
(গ) মাঝারি (ঘ) বৃহৎ

২৫. নিচের কোনটি উন্নত দেশের অন্তর্ভুক্ত?

(ক) ভারত (খ) মালে
(গ) জাপান (ঘ) শ্রীলংকা

২৬. উন্নত দেশের জাতীয় আয়ের প্রধান উৎস কী?

(ক) কৃষি (খ) বাণিজ্য
(গ) খনিজ (ঘ) শিল্প

২৭. অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্রবিন্দু কোনটি?

(ক) ভূমি (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) উদ্যোক্তা

২৮. VAT কোন ধরনের কর?

(ক) পরোক্ষ কর (খ) প্রত্যক্ষ কর
(গ) আয় কর (ঘ) ব্যয় কর

২৯. সরকারের শুল্ক ও করের মূল উৎস কয়টি?

(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

৩০. কোনটি কর বহির্ভূত রাজস্ব আয়?

(ক) রেলওয়ে (খ) স্ট্যাম্প
(গ) সম্পূরক শুল্ক (ঘ) আয়কর

Teachingbd24.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com